# সাংগঠনিককাঠামো

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমবায় অধিদপ্তর
DEPARTMENT OF COOPERATIVES

# বার্ষিকপ্রতিবেদন

## ২০২৩-২৪

mswordcoverpages.com

# উপজেলা সমবায় কার্যালয়
# ঘোড়াঘাট, দিনাজপুর।





‘ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- ‘সমবায়, সমবায়!’
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে

মিলিয়াছিআসি - রবে না জগতে প্রবলের অন্যায়॥



**“আমরাসমাজেরঅর্ধাঙ্গ, আমরাপড়িয়াথাকিলেসমাজউঠিবেকীরূপ?কোনোব্যক্তিএকপাবাঁধিয়ারাখিলেসেখোঁড়াইয়াখোঁড়াইয়াকতদূরচলিবে?পুরুষেরস্বার্থএবংআমাদেরস্বার্থভিন্ননহে।তাহাদেরজীবনেরউদ্দেশ্যবালক্ষ্যযাহাআমাদেরলক্ষ্যতাহাই।”**

**-বেগমরোকেয়া**

| | | |
|---|---|---|
| | গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার<br>উপজেলাসমবায়কার্যালয়<br>ঘোড়াঘাট, দিনাজপুর।<br>ucoghoraghat2@gmail.com | |

# মুখবন্ধ

উদ্যোক্তাসৃষ্টি, কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব হ্রাস, দারিদ্র বিমোচনের লক্ষ্যে পঁয়ত্রিশটি আর্থিক ও সেবাখাতে সমবায় সমিতি গঠন করা হচ্ছে। এ সমস্ত সমবায় সমিতির সদস্যগণের সঞ্চয় সংগ্রহের মাধ্যমে পুজিঁ গঠন, বিভিন্ন উৎপাদন মুখী কর্মকান্ডেবিনিয়োগকরা হচ্ছে। অর্জিত লাভ সদস্যদের মাঝে বন্টন করা হচ্ছে। সমবায় প্রতিষ্ঠান গুলির সক্ষমতা বৃদ্ধিকরতে সমবায় সদস্য গণের দক্ষতাসৃষ্টিকরতে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে।বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ঋণপ্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে।

স্বাধীনতা পরবর্তীকালে পবিত্র সংবিধানের ১৩ (খ) অনুচ্ছেদে সমবায়কে মালিকানার অন্য তমগুরুত্বপূর্ণখাত হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। এরই ধারা বাহিকতায় বৈষম্যহীন দেশ গঠনের লক্ষ্যে অষ্টম পঞ্চম বার্ষিকী পরিকল্পনা এবং জাতি সংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রা ২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে সমবায় বিভাগ কাজ করছে।

ঘোড়াঘাট উপজেলায় বিভাগীয় প্রাথমিক ৯৭ টি এবং বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় ০১ টি ও KSS-৭৫টি সমবায় সমিতি রয়েছে এবং মোট ৫০৮৮ জন সদস্য/সদস্যা রয়েছে। তাছাড়া ঘোড়াঘাট উপজেলার বিভিন্ন ইউনিয়নে উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমবায়ীদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। জাতি গঠন মূলক সরকারি প্রতিষ্ঠান হিসাবে ঘোড়াঘাট উপজেলার সমবায় কার্যালয়ের কার্যক্রম এদেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রকাশিত হতে যাচ্ছে।প্রতিবেদন টিতে উপজেলার সংগঠিত সমবায় সমিতি গুলোর সংখ্যা,ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানাত, গঠিত অন্যান্য তহবিল, ঋণ সংক্রান্ত তথ্য, লভ্যাংশ বিতরণ ইত্যাদির চিত্রতুলেধরা হয়েছে।প্রতিবেদনটি সরকারিনীতি নির্ধারক, গবেষক, সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্তব্যক্তি বর্গ, শিক্ষানুরাগীসহ সকলমহলের জন্য সহায়ক হবে বলে আমি মনে করি।বার্ষিকপ্রতিবেদন২০২৩-২৪ প্রণয়নের জন্যতথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদজা নাই।

**স্বা/-**
প্রদীপ কুমার সরকার
উপজেলা সমবায় অফিসার
ঘোড়াঘাট, **দিনাজপুর।**

# সূচিপত্র


প্রারম্ভিকা

১মঅধ্যায়১. উপজেলাসমবায়কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর।

১.১সাংগঠনিককাঠামো

১.২রুপকল্প

১.৩অভিলক্ষ্য

১.৪কৌশলগতউদ্দেশ্য

১.৫আবশ্যিককৌশলগতউদ্দেশ্যসমুহ

১.৬কার্যাবলী

২য়অধ্যায়২. সাফল্যওসম্ভাবনা

২.১উল্লেখযোগ্যসাফল্য

২.২সমস্যাএবংচ্যালেঞ্জসমূহ

২.৩ভবিষ্যৎপরিকল্পনা :

৩য়অধ্যায়৩.সমবায়সমিতিসংক্রান্ততথ্য

৩.১কার্যকরওঅকার্যকরসমিতিরসংখ্যা

৩.২সমিতিরসদস্যসংখ্যা

৩.৩শেয়ারমুলধন

৩.৪সঞ্চয়আমানত

৩.৫কার্যকারীমুলধন

৩.৬ঋণবিতরণওআদায়

৩.৭সমিতিরলভ্যাংশবিতরণ

৪র্থঅধ্যায়৪. রাজস্বআদায়

৪.১নিরীক্ষাফি

৪.২নিবন্ধনফি

৪.৩অন্যান্য

৫মঅধ্যায়৫. সমবায়উন্নয়নতহবিল

৬ষ্ঠঅধ্যায়৬.জেলাপর্যায়েজাতীয়সমবায়পুরস্কার২০২৩এরমনোনয়নেরতালিকা

৭মঅধ্যায়৭.প্রশিক্ষণ

৭ভ্রাম্যমাণপ্রশিক্ষণ

৮মঅধ্যায়৮. প্রকল্প

৮.১উন্নতজাতেরগাভীপালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্প

৮.২ আশ্রয়ণপ্রকল্প

৯মঅধ্যায়৯.বিভাগেরজনবল

# সাংগঠনিককাঠামো

## উপজেলা সমবায় কার্যালয়, ঘোড়াঘাট,দিনাজপুর এর কর্মকর্তা-কর্মচারিদের টেলিফোন ডিরেক্টরি

| আইডি ও নাম | পদবী | ফোন | মেইল |
|---|---|---|---|
| প্রদীপ কুমার সরকার | উপজেলা সমবায় অফিসার | ০১৭১৭৪১৩০২০ | ucoghoraghat2@gmail.com |
| মোঃ মোসলিম উদ্দিন | সহকারী পরিদর্শক | ০১৭১৯৫১২১৪১ | mdmoslimuddin41@gmail,com |
| মোঃ রুহুল আমিন | সহকারী পরিদর্শক | ০১৮২৫২৪৬০৪১ | |
| মোছাঃ মুক্তা বেগম | অফিস সহায়ক | ০১৭২৩৮৮৩৮৫০ | |

# প্রারম্ভিকা

ঘোড়াঘাট উপজেলা দিনাজপুর জেলার রংপুর বিভাগের উত্তর পশ্চিমাঞ্চলে অবস্থিত।সমুদ্রপৃষ্ঠ থেকে এ জেলারগড় উচ্চতা ১১২ ফুট থেকে ১২০ ফুট।ভৌগোলিক ভাবে এই উপজেলা ২৫°১০’এবং ২৬°০৪’ উত্তর অক্ষাংশে এবং৮৮°০৫" ও৮৫°২৮" দ্রাঘিমাংশেঅবস্থিত।মোট০৪টি ইউনিয়ন নিয়ে গঠিত এই উপজেলার আয়তন ৩১৭.৫৪ বর্গকিলো মিটার। জেলার মোট জন সংখ্যা ২৫৪২২৯জন (২০২২সালের আদমশুমারি অনুযায়ী), যার মধ্যেপুরুষ১২৭২৩২জনএবংমহিলা১২৬৭৯৭জন।উত্তর-দক্ষিণেলম্বালম্বিভাবেবিস্তৃতদিনাজপুরজেলারউত্তরেঠাকুরগাঁওওপঞ্চগড়জেলা, দক্ষিণে গাইবান্ধা ও জয়পুরহাট জেলা, পূর্বেনীলফামারীওরংপুরজেলাএবংপশ্চিমেভারতেরপশ্চিমবঙ্গারাজ্য। ঘোড়াঘাট উপজেলা মোট০৪ টি ইউনিয়নের সমন্বয়ে গঠিত।

**বর্তমা**নে ঘোড়াঘাট উপ**জেলায়** মোট ৯৭ **টি সমবায় সমিতি এবং**৫০৮৮ **জন সদস্য রয়েছে।উন্নতজাতের গাভীপালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রারমান উন্নয়ন প্রকল্পচলমান ।দুগ্ধওমাংসউদপাদনেরমাধ্যমেকর্মসংস্থানসৃষ্টিকরে সমবায়েরকার্যক্রমসম্প্রসারনেরজন্য উদ্দ্যোগ নেওয়া হয়েছে।**

# ১ম অধ্যায়

## ১ উপজেলা সমবায়কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুরএররূপকল্প , অভিলক্ষ্য, কৌশলগতউদ্দেশ্যসমূহএবংকার্যাবলী

### ১.১রূপকল্প;

**টেকসইসমবায়, টেকসইউন্নয়ন।**

### ১.২অভিলক্ষ্য;

**সকল নিবন্ধিত সমবায় সমিতি সমূহের বাস্তব পদক্ষেপ গ্রহণ করা এবং বাস্তবতাকে সফল করতে হলে প্রচলিত সমবায় আইনকে আরো যুগোপযোগী করতে হবে।**

### ১.৩কৌশলগতউদ্দেশ্যসমূহ;

**১.উৎপাদন, আর্থিকওসেবাখাতেটেকসইসমবায়গঠন;**

**২. দক্ষতাবৃদ্ধিরমাধ্যমেসমবায়েরমানোন্নয়ন;**

**৩. মানসম্পন্নওনিরাপদসমবায়পণ্যউৎপাদনওপ্রসার;**

**৪. দরিদ্রওঅনগ্রসরমহিলাদেরসক্ষমতাবৃদ্ধিওসম্পদেরঅধিকারঅর্জনেকার্যক্রমগ্রহণ।**

### ১.৪আবশ্যিককৌশলগতউদ্দেশ্যসমূহ;

**১. দক্ষতারসঙ্গেবার্ষিককর্মসম্পাদনচুক্তিবাস্তবায়ন;**

**২.কার্যপদ্ধতিওসেবারমানোন্নয়ন;**

**৩. আর্থিকব্যবস্থাপনারউন্নয়ন;**

**৪. দক্ষতাওনৈতিকতারউন্নয়ন;**

### ১.৫কার্যাবলী;

**১. সমবায়নীতিতেউদ্বুদ্ধকরণওনিবন্ধনপ্রদান;**

**২.সমবায়নিরীক্ষা, পরিদর্শন, ওতদারকিরমাধ্যমেসুশাসনপ্রতিষ্ঠাকরা;**

**৩.সমবায়সদস্যবৃন্দকেপ্রায়োগিকপ্রশিক্ষণেরমাধ্যমেদক্ষতাবৃদ্ধিএবংমূলধনসৃষ্টিওআত্ম-কর্মসংস্থানেরমাধ্যমেদারিদ্রহ্রাসকরা ;**

**৪. সমবায়নেটওয়ার্কিংজোরদারকরারলক্ষ্যেসমবায়মূল্যবোধেরপ্রচার, প্রকাশনা, সেমিনারওকর্মশালারআয়োজনকরা ;**

**৫. পুঁজিগঠনওবিনিয়োগেরমাধ্যমেমূলধনসৃষ্টিএবংসমবায়ভিত্তিকব্যবসাপ্রতিষ্ঠানগড়েতোলা;**

**৬.সমবায়ভিত্তিকপ্রকল্পেরমাধ্যমেগ্রামীণমহিলাদেরক্ষমতায়নওআর্থ-সামাজিকউন্নয়ন;**

**৭. সমবায়পণ্যব্র্যান্ডিংওবাজারসংযোগপ্রতিষ্ঠাকরা ;**

**৮. অভিলক্ষ্যঅর্জনেপ্রয়োজনীয়নীতিমালা, উন্নয়নকর্মসূচিএবংউন্নয়নপ্রকল্পপ্রণয়নওবাস্তবায়নকরা ;**

# ২য় অধ্যায়

### ২.১উল্লেখযোগ্যসাফল্য

সমবায়কেউন্নয়নমুখীওটেকসইকরারজন্যসমবায়অধিদপ্তরেরকাজেরধারাবাহিকতারক্ষারপাশাপাশিভবিষ্যৎচ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তিপ্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর বিগত বৎসরে উল্লেখ যোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরওগণ মানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারা দেশে উৎপাদন মুখী ও সেবা ধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায়পণ্যউৎপাদনওবাজারজাতকরণেসহায়কভূমিকাপালনকরতেসক্ষমহয়েছে।১০০জনসমবায়ীকেভ্রাম্যমাণপ্রশিক্ষণেরমাধ্যে মেচাহিদাভিত্তিকপ্রশিক্ষণপ্রদানকরাহয়েছে।চাহিদাভিত্তিকপ্রশিক্ষণপ্রদানেরমাধ্যমে৮০জনেরআত্ম-কর্ম সংস্থানের ব্যবস্থা করা হয়েছে।এছাড়াও ‘রূপকল্প ২০২১’, ‘এস ডি জি ’অর্জন এবং ৮ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমেবিগত ০৩বছরে অনেক গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বীকরাসম্ভবহয়েছে।

### ২.২সমস্যাএবংচ্যালেঞ্জসমূহ

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলাসমবায়কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ৯৭। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমপূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবেমনিটরিংকরাএবংসদস্যদেরকেদক্ষওআন্তরিকসমবায়ীহিসেবেগড়েতোলাঅন্যতমবড়চ্যালেঞ্জ।সমবায়ীগণেরচাহিদা পূরণেপ্রশিক্ষণওপ্রযুক্তিসহায়তাপ্রদানসময়েরঅন্যতমদাবী।কিন্তুপ্রয়োজনীয়জনবল, প্রয়োজনীয় যানবাহনওপর্যাপ্তঅর্থবরাদ্দনাথাকায়রুটিনকাজেরমাধ্যমেএসমস্যারসমাধানসম্ভবহচ্ছেনা।তাছাড়ামাঠপর্যায়েচাহিদা অনুযায়ী উন্নয়নপ্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভাবে উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

### ৩.২ভবিষ্যৎপরিকল্পনা :

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতিগুলোর অবসায়ন দ্রুত নিষ্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। সেজন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমূহকে পুনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলাভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ওট্রেডভিত্তিক প্রশিক্ষণ ওপ্রযুক্তিসহায়তাপ্রদানকরারমাধ্যমেসমবায়উদ্যোক্তাসৃষ্টিকরাওআত্ম-কর্মসংস্থানেরপথসুগমকরাও অন্যতম লক্ষ্য।সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায়পণ্যেরব্র্যান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়াসমবায়েরমাধ্যমেনৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রারমানউন্নয়নেও ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে।




দিনাজপুর জেলার মাসিক সমন্বয় সভায় অংশ গ্রহন

# ৩য় অধ্যায়

### ৩.সমবায় সমিতি সংক্রান্ততথ্য
### ৩.১জেলারকার্যকরওঅকার্যকরসমিতিরসংখ্যা
### ৩.২জেলারসমিতিরসদস্যসংখ্যা

| উপজেলারনাম | কার্যকরসমিতিরসংখ্যা | অকার্যকরসমিতিরসংখ্যা | মোটসমিতিরসংখ্যা | মোটসমিতিরসদস্যসংখ্যা |
|---|---|---|---|---|
| ঘোড়াঘাট | ১৭২ | ০ | ১৭২ | ৬৫৮৮ |

### ৩.৩ উপজেলারসমবায় সমিতির শেয়ারমুলধন,সঞ্চয়আমানত,কার্যকারীমুলধন,ঋণবিতরণওআদায়

| উপজেলারনাম | **শেয়ার মুলধন,** | **সঞ্চয় আমানত** | **কার্যকারী মুলধন** | **ঋণবিতরণ** | **ঋণআদায়** |
|---|---|---|---|---|---|
| ঘোড়াঘাট | ১২৬০৮৫৯০ | ১১৬৯৫২৭০০ | ১৮৬৯১২৪০০ | ৫৯১৬১০০০ | ১৫৪৪৪০০০ |

### ৩.৭সমিতিরলভ্যাংশবিতরণ

| উপজেলার নাম | লভ্যাংশ বিতরণের লক্ষ্যমাত্রা | | | লভ্যাংশ বিতরণকৃত অর্থের পরিমান | | |
|---|---|---|---|---|---|---|
| | সাধারণ | পউব | মোট | সাধারণ | পউব | মোট |
| ঘোড়াঘাট | ৩৬৫৮৮০ | - | ৩৬৫৮৮০ | ৬০৮৪৪ | - | ৬০৮৪৪ |

২০২২-২০২৩অর্থবছরেরধার্যওআদায়কৃতঅডিটফিএরপরিমাণ

| ক্রমিকনং | উপজেলারনাম | ধার্যকৃত অডিটফি এর পরিমাণ | পউব | সর্বমোট |
|---|---|---|---|---|

| | | বিভাগীয় | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | কেন্দ্রীয় | মোট |
| ০১ | **ঘোড়াঘাট** | ০ | ১০৭৬২ | ১০৭৬২ | ১২১০ | ১১৯৭২ |
| **মোট -** | | ০ | ১০৭৬২ | ১০৭৬২ | ১২১০ | ১১৯৭২ |

## ঘোড়াঘাট **উপজেলা২০২৩-২০২৪ অডিট বর্ষের চিত্র**

| **ক্রঃ নং** | **উপজেলার নাম** | **কেন্দ্রীয় অডিট বরাদ্দ** | **অডিট সম্পাদন** | **প্রাথমিক অডিট বরাদ্দ** | **অডিট সম্পাদন** |
|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৫** | **৬** | **৮** |
| **১১** | ঘোড়াঘাট | **-** | **-** | ৯৫ | ৯৫ |
| | কালব্ ভূক্ত সমিতি | - | - | ০২ | -- |
| | মোট = | - | - | ৯৭ | ৯৫ |

**বিঃ দ্রঃকালব্ ভূক্ত সমিতি - ০৬ টি (যা কালব্ কর্তৃক অডিট সম্পাদিত হয়)**

# ৪র্থ অধ্যায়

### ৪. রাজস্বআদায়

**৪.১নিরীক্ষাফি**
**৪.২নিবন্ধনফি**
**৪.৩অন্যান্য)**

| উপজেলারনাম | **নিরীক্ষাফি** | **নিবন্ধনফি** | **অন্যান্য (কোর্ট ফি)** | **মোট** |
|---|---|---|---|---|
| ঘোড়াঘাট | ১০৭৬২ | - | - | ১০৭৬২ |

# ৫ম অধ্যায়

### ৫.সমবায়উন্নয়নতহবিল

২০২২-২০২৩অর্থবছরেরধার্যওআদায়কৃতঅডিটফিএরপরিমাণ

| ক্রমিকনং | উপজেলারনাম | ধার্যকৃতঅডিটফিএরপরিমাণ কেন্দ্রীয় | | | প্রাথমিক | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | পউব | মোট | সাধারণ | মোট |
| ০১ | ঘোড়াঘাট | ০ | ৩৬৩ | ৩৬৩ | ২১৫৯১ | ২১৫৯১ |
| **মোট -** | | ০ | ৩৬৩ | ৩৬৩ | ২১৫৯১ | ২১৫৯১ |

# ৬ষ্ঠ অধ্যায়

## ৬.উপজেলা পর্যায়েজাতীয়সমবায়পুরস্কার ২০২৩ এরমনোনয়নেরতালিকা

উপজেলা সমবায় কার্যালয়, ঘোড়াঘাট ,দিনাজপুর এর
জাতীয় সমবায় পুরস্কার,২০২৩ এর জন্য দিনাজপুর জেলার মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতির তালিকা
জাতীয় সমবায় পুরস্কার, ২০২৩ শ্রেষ্ঠ সমবায় সমিতি

| ক্রঃ নং | সমিতির শ্রেণি | সমিতির নাম ও ঠিকানা | মূল্যায়ন নম্বর |
|---|---|---|---|
| ০১ | বিশেষওঅন্যান্যশ্রেণী/বহুমুখী সমবায় সমিতি | সিংড়া সততা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ, গ্রাম-কশিগাড়ী,ডাক- হাটশামগঞ্জ, উপজেলা-ঘোড়াঘাট, জেলা-দিনাজপুর। | ৮৪ |

# ৭মঅধ্যায়

# ৭.ভ্রাম্যমানপ্রশিক্ষণ

২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের ঘোড়াঘাট উপজেলার ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রতিবেদন

| ক্রঃ নং | উপজেলার নাম | বাৎসরিক লক্ষ্যমাত্রা | | | | বিগত মাস পর্যন্ত অগ্রগতি | | | | চলতি মাসের অগ্রগতি | | | | ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২০২৪ | | | | | প্রশিক্ষণার্থী | | | | প্রশিক্ষণার্থী | | | | প্রশিক্ষণার্থী | | |
| | | কোর্স | পুরুষ | মহিলা | মোট | কোর্স | পুরুষ | মহিলা | মোট | কোর্স | পুরুষ | মহিলা | মোট | কোর্স | পুরুষ | মহিলা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ০১ | ঘোড়াঘাট | ০৪ | ৮০ | ২০ | ১০০ | ০২ | ৪০ | ১০ | ৫০ | - | - | - | - | ০৪ | ৮০ | ২০ | ১০০ |
| মোট | | ০৪ | ৮০ | ২০ | ১০০ | ০২ | ৪০ | ১০ | ৫০ | - | - | - | - | ০৪ | ৮০ | ২০ | ১০০ |

# ৮ম অধ্যায়

## ৮. প্রকল্প

### ৮.১ “উন্নতজাতেরগাভীপালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্প

| আওতাভুক্ত জেলা | উপজেলা | সমিতি | বিতারণকৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা | আদায়কৃতঋণ লক্ষ টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| দিনাজপুর | **ঘোড়াঘাট** | ০ | ০ | ০ | -- |

### ৮.২. আশ্রয়ণ প্রকল্প

ক. আশ্রয়ণ

| উপজেলারনাম | প্রকল্পেরসংখ্যা | ব্যারকসংখ্যা | বসবাসরতপরিবার | ঋণদাদন | ঋণআদায়(আসল) |
|---|---|---|---|---|---|
| ঘোড়াঘাট | ১ | ০২ | ২০ | ২০৮৯০০০ | ১৯৩৪৫৭৩ |

খ. আশ্রয়ণ-২

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ঘোড়াঘাট | ১ | ১৭ | ৮৫ | ০০ | ০০ |

গ. আশ্রয়ণ ফেইজ-২

| উপজেলারনাম | প্রকল্পেরসংখ্যা | ব্যারকসংখ্যা | বসবাসরতপরিবার | ঋণদাদন | ঋণআদায় (আসল) |
|---|---|---|---|---|---|
| ঘোড়াঘাট | ৩ | ১৬ | ১৬০ | ৩২৭২০০০ | ২২৪৫৮৫০ |

# ৯ম অধ্যায়

## ৯.উপজেলাসমবায়কার্যালয়, ঘোড়াঘাট,দিনাজপুরএর জনবলসম্পর্কিততথ্যঃ

**উপজেলা সমবায় কার্যালয়,ঘোড়াঘাট, দিনাজপুর এর জুলাই/২০২৩ হতে জুন/২০২৪খ্রিঃমাস পর্যন্ত মঞ্জুরীকৃত পদ ও শুন্য পদের বিবরনী।**

| ক্র নং | পদেরনাম | মোটমঞ্জুরীকৃত পদেরসংখ্যা | মোটকর্মরতপদেরসংখ্যা | মোটশুন্য পদেরসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ১. | উপজেলা সমবায় অফিসার | ১ | ১ | ০ | - |
| ২. | সহকারী পরিদর্শক | ২ | ২ | ০ | - |
| ৩. | অফিস সহকারী | ১ | ০ | ১ | - |
| ৪. | অফিস সহায়ক | ১ | ১ | ০ | - |
| | **মোট=** | **৫** | **৪** | **১** | - |

# সমাপ্ত